

## বেবিচকের উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

- A Monitor Desk Report

Date: 16 August, 2023



ঢাকা : যথাযোগ্য মর্যাদায় দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম মৃত্যুবার্ষিকী পালন করেছে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক)।

মঙ্গলবার (১৫ আগস্ট) দিনের শুরুতে বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমানের নেতৃত্বে সংস্থার কর্মকর্তা-কর্মচারীরা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সামনে স্থাপিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করেন।

সকাল ১১টায় এ উপলক্ষে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দফতরে মিলনায়তনে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়। এই আলোচনা অনুষ্ঠানের মাধ্যমে বেবিচকের নব নির্মিত মিলনায়তনের কার্যক্রম শুরু হয়।

অনুষ্ঠানে ‘বঙ্গবন্ধুর স্বপ্ন, আদর্শ ও বেবিচকের উন্নয়ন’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করা হয়। এতে বঙ্গবন্ধুর জীবনাদর্শ ও মহান মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর ভূমিকার ওপর আলোচনা করা হয়। স্বাধীনতা লাভের পর বঙ্গবন্ধুর বলিষ্ঠ নেতৃত্বে মাত্র সাড়ে তিন বছরে বাংলাদেশের উন্নয়ন কার্যক্রমের ওপর আলোকপাত করা হয়।

বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমান বলেন, ‘বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করেই তারই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেলে পরিণত হয়েছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল ভবন নির্মাণ কাজ পুরোদমে এগিয়ে চলেছে। এছাড়া কক্সবাজার, সিলেট ওসমানি আন্তর্জাতিক বিমানবন্দরসহ দেশের সব বিমানবন্দরে উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ সব উন্নয়ন কার্যক্রমের মাধ্যমে বঙ্গবন্ধুর স্বপ্ন বাংলাদেশকে ‘আঞ্চলিক এভিয়েশন হাব’- এ পরিণত করা আজ বাস্তবায়নের পথে।’ বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়নের জন্য সবাইকে একযোগে কাজ করার জন্য আহ্বান জানান বেবিচক চেয়ারম্যান।

আরও পড়ুন: [যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন বিমানের](#)

বাদ জোহর বেবিচকের সিভিল এভিয়েশন অ্যাকাডেমির জামে মসজিদে বঙ্গবন্ধুর ৪৮তম মৃত্যুবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়। মোনাজাতে বঙ্গবন্ধুসহ তাঁর পরিবারের সদস্য ও সব শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়।

**-B**